

## রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি নং- ১৬/২০১৬

তারিখ: ৩১-১২-২০১৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং ও ইনস্যুরেন্স বিভাগে নিম্নবর্ণিত পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : প্রভাষক = ০৩ (তিন) টি স্থায়ী পদ।

বেতনক্রম : প্রভাষক পদে টা: ২২,০০০ - ৫৩,০৬০/- ও প্রচলিত ভাতাদি, ৮ম জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী।

দরখাস্তের নির্ধারিত ফরম স্বয়ং অথবা টাকা ৪.০০ মূল্যের ডাক টিকিটসহ নিজ ঠিকানা উল্লেখপূর্বক একটি বড় খাম পাঠিয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে সংগ্রহ করা যাবে।

৯(নয়) কপি আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রত্যেক আবেদনপত্রের সাথে পরীক্ষাসমূহের সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং সেই সাথে রেজিস্ট্রারের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করে আগামী ২২-০১-২০১৭ তারিখ অথবা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর অফিসে বেলা ২:০০ টার মধ্যে পৌঁছাতে হবে। কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, মুক্তিযোদ্ধা এবং শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসৃত হবে।

স্বাঃ/-

প্রফেসর (অবঃ) ড. মুহাম্মদ এন্ডাজুল হক

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়

শিক্ষাগত যোগ্যতা (প্রভাষক পদের জন্য)

- ১) এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয়টিতে প্রথম বিভাগ থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে ২০০৪ ও তৎপরবর্তী সময়ের এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার প্রতিটিতে জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.৫০ থাকতে হবে। তবে ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এসএসসি/সমমান এবং ২০০৩ সনের এইচএসসি/সমমান পরীক্ষার প্রতিটিতে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।
- ২) আবেদনকারীর ফাইন্যান্স এন্ড ব্যাংকিং / ব্যাংকিং এন্ড ইনস্যুরেন্স / ব্যাংকিং/ ইনস্যুরেন্স বিষয়ে ন্যূনতম চার বছরের স্নাতক সম্মান ডিগ্রিসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। তবে যে সমস্ত বিভাগে থিসিস গ্রন্থপ আছে সে সমস্ত বিভাগের ক্ষেত্রে কেবলমাত্র থিসিস গ্রন্থ থেকে পাশ করা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। স্নাতক সম্মান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয়টিতে প্রথম শ্রেণী অথবা গ্রেডিং পদ্ধতিতে জিপিএ/সিজিপিএ ৪.০০ এর মধ্যে উভয়টিতে ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৩.৫০ থাকতে হবে এবং স্নাতক সম্মান ও স্নাতকোত্তর উভয় পরীক্ষার ফলাফলে শুধুমাত্র মেধা তালিকার ১ম হতে ৭ম স্থান অধিকারীরাই আবেদন করতে পারবে। বিভাগীয় সভাপতি কর্তৃক প্রদত্ত মেধাক্রমের সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ৩) ১নং ও ২নং ধারায় উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের এমফিল বা পিএইচ.ডি ডিগ্রী থাকলে তা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে; তবে উপরোক্ত যোগ্যতার কোন শর্ত কোনক্রমেই শিথিলযোগ্য হবে না। অনলাইনে বা দূরশিক্ষণের মাধ্যমে প্রাপ্ত এম.ফিল বা পিএইচ.ডি বা অন্য কোন ডিগ্রী বিবেচিত হবে না।
- ৪) আবেদনের পূর্বেই প্রার্থীর স্নাতকোত্তর পরীক্ষার ফলাফল প্রকাশিত হতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়